
দৈনিক জনকন্ঠ ০৯/০৯/২০১৫ (১ম পৃষ্ঠা)

আয়করে প্রবৃদ্ধি
দেশ ও দশের সমৃদ্ধি


জনকল্যাণে রাজস্ব

জাল বা ভুয়া
(Fake) e-TIN ব্যবহার
একটি শাস্তিযোগ্য অপরাধ !!!



# আপনি জানেন কি ?

# জাল বা ভুয়া (Fake) e-TIN ব্যবহার একটি শাস্তিযোগ্য অপরাধ !!!



ংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ৫ এপ্রিল, ২০১৫ খ্রিঃ তারিখে জারীকৃত জ্ঞাপন এস.আর.ও. নং ৭৬-আইন/আয়কর/২০১৫ অনুযায়ী আয়কর বিধিমালা, ১৯৮৪ তে সংযোজিত নতুন বিধি ৬৪বিবি নুসারে সেবা প্রদানকারী কর্তৃপক্ষ কর্তৃক সেবাগ্রহীতার দাখিলকৃত e-TIN এর যথার্থতা যাচাই এর পদ্ধতি নির্ধারণ করা য়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের e-TIN রেজিস্ট্রেশন সম্পর্কিত www.incometax.gov.bd ওয়েবসাইটে Log in এর াধ্যমে ব্যক্তিশ্রেণীর করদাতার নাম, e-TIN ও জন্ম তারিখ এবং অন্যান্য করদাতা যেমন কোম্পানী, ফার্ম, এওপি বা ংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রে নাম ও e-TIN প্রদানপূর্বক e-TIN যাচাই করতে হবে। তথ্য যাচাইয়ের অনুসরণীয় পদ্ধতি ম্পর্কে বর্ণিত ওয়েবসাইটে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ বিধৃত রয়েছে।

ই বিধি অনুসারে কোন সেবাপ্রার্থীর দাখিলকৃত e-TIN জাল বা ভুয়া (fake) প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সেবাপ্রার্থীকে কাঙ্ক্ষিত সবা প্রদান হতে বিরত থাকবে এবং বিষয়টি আনুসঙ্গিক তথ্যসহ জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করবে। সেক্ষেত্রে জাতীয় রাজস্ব বার্ড জাল বা ভুয়া (fake) e-TIN ব্যবহারকারীর বিরুদ্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণ করবে। উল্লেখ্য ধারা ১৬৫এ অনুযায়ী জাল বা য়া (fake) e-TIN ব্যবহারের জন্য ৫০,০০০/- টাকা জরিমানা দণ্ডসহ অনধিক ০৩ (তিন) বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।

ায়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৮৪এ ধারার বিধান মোতাবেক নিম্নবর্ণিত সেবাসমূহ গ্রহণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে ১২ বার) ডিজিটের e-TIN সেবা প্রদানকারী কর্তৃপক্ষের কাছে দাখিল করতে হবে এবং সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে সবা প্রদানের পূর্বে আবশ্যিকভাবে দাখিলকৃত e-TIN এর যথার্থতা যাচাই করতে হবেঃ

ক) আমদানীর জন্য Letter of Credit (LC) খোলা;
খ) আমদানী নিবন্ধন সার্টিফিকেট (IRC) গ্রহণের ক্ষেত্রে আবেদন দাখিল;
গ) সিটি কর্পোরেশন বা যে কোন পৌরসভা থেকে ট্রেড লাইসেন্স নবায়ন;
ঘ) পণ্য সরবরাহ, ঠিকাদারী চুক্তি সম্পাদন বা চুক্তিভিত্তিক সেবা প্রদানের জন্য দরপত্র দাখিল কালে;
ঙ) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুযায়ী নিবন্ধিত কোন ক্লাবের সদস্য পদের জন্য আবেদন দাখিল;
চ) জেনারেল ইন্স্যুরেন্স সার্ভেয়ারদের লাইসেন্স ইস্যু/নবায়ন বা তালিকাভুক্তিকালে;
ছ) সিটি কর্পোরেশন অথবা জেলা সদরের কোন পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ১ লক্ষ টাকার অধিক মূল্যের জমি, দালান বা এ্যাপার্টমেন্ট ক্রয়ে দলিল নিবন্ধনকালে। তবে সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকায় অনিবাসী বাংলাদেশীদের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য নয়;
জ) জীপ, কার বা মাইক্রোবাস এর রেজিস্ট্রেশন গ্রহণ/মালিকানা পরিবর্তন/ফিটনেস নবায়ন;
ঝ) বাণিজ্যিক ব্যাংক অথবা লিজিং কোম্পানী হতে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ঋণ মঞ্জুরি গ্রহণ;
ঞ) ক্রেডিট কার্ড ইস্যুকালে;
ট) ডাক্তার, চার্টার্ড একাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, আইন পেশাজীবী (Lawyer) বা আয়কর পেশাজীবীদের প্র্যাকটিসিং লাইসেন্স প্রদানকালে;
(ঠ) কোন কোম্পানীর পরিচালক হিসেবে বা স্পন্সর শেয়ার হোল্ডারের পদ গ্রহণ কালে। তবে বিদেশী নাগরিকের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য নয়;
(ড) Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (LII of 1974) এর আওতায় নিকাহ্ রেজিস্ট্রারের সনদ গ্রহণের জন্য আবেদন দাখিলকালে;
(ঢ) কোন 'ট্রেড বডি' এর সদস্য পদ গ্রহণ বা নবায়নের জন্য আবেদনকালে;
(ণ) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (RAJUK), চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (CDA), রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (RDA) এবং খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (KDA) হতে দালান নির্মাণের নকশা অনুমোদনকালে;
(ত) ড্রাগ লাইসেন্স ইস্যুকালে;
(থ) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে গ্যাস সংযোগের জন্য আবেদনকালে;
(দ) সিটি কর্পোরেশন, পৌরসভা বা ক্যান্টনমেন্ট বোর্ড এর আওতাধীন এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনকালে;
(ধ) ভাড়ায় চালিত বাস, ট্রাক, প্রাইম মুভার, লরী বা এরূপ পরিবহনের রেজিস্ট্রেশন গ্রহণ/ফিটনেস নবায়ন/ মালিকানা পরিবর্তনকালে;
(ন) ভাড়ায় চালিত লঞ্চ, ষ্টীমার, ফিশিং ট্রলার, কার্গো, কোস্টার এবং ডাম্প-বার্জ ইত্যাদির সার্ভে সার্টিফিকেট গ্রহণ বা নবায়নকালে;
(প) ইন্স্যুরেন্স কোম্পানীর এজেন্ট হিসেবে রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রদান বা নবায়নকালে;
(ফ) ইট ভাটার মালিকগণকে কোন জেলার ডেপুটি কমিশনারের কার্যালয় বা পরিবেশ অধিদপ্তর হতে ইট উৎপাদন সংক্রান্ত ছাড়পত্র গ্রহণ বা নবায়নকালে;
(ব) উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন বা জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য মনোনয়পত্র জমা প্রদানকালে;
(ভ) সিটি কর্পোরেশন বা জেলা সদরের পৌর এলাকায় অবস্থিত কোন English Medium School-এ ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের নামে গৃহীত e-TIN।

জাতীয় রাজস্বের স্বার্থে উপরোক্ত সেবাসমূহ গ্রহণের জন্য আবেদনকারী করদাতাকে সেবা প্রদানকালে ১২ (বার) ডিজিটের e-TIN সনদ দাখিল/গ্রহণ সুনিশ্চিতকরণ এবং নবপ্রবর্তিত বিধি ৬৪বিবি অনুযায়ী ঐ সকল e-TIN এর যথার্থতা এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সুনির্দিষ্টকৃত ওয়েবসাইট www.incometax.gov.bd এর মাধ্যমে যাচাই করার জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৮৪এ অনুযায়ী বর্ণিত সকল কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট সকলের অবগতি এবং সুবিধার্থে জারীকৃত এস.আর.ও. নং ৭৬-আইন/আয়কর/২০১৫, তারিখঃ ৫ এপ্রিল, ২০১৫ জাতীয় রাজস্ব বোর্ডের বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০। www.nbr.gov.bd